জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ দপ্তর
ফোন ঃ ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্সঃ ০২ ৯৯৬৬৯১৫৫০
mail: nupr1992@gmail.com

১৩ অক্টোবর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আগামী ১৪ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য ২০২৩ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের পরীক্ষা এবং প্রফেশনাল কোর্সের সকল পরীক্ষা স্থগিত

জাতীয় বিশ্ববিদ্যালয়, অক্টোবর ১৩, ২০২৫: অনিবার্য কারণবশত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আগামী ১৪ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য ২০২৩ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের পরীক্ষা এবং প্রফেশনাল কোর্সের সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে। ২০২৩ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের স্থগিত পরীক্ষা (গণিত (১৩৩৭০৩)/ উচ্চাঙ্গ সংগীত ব্যবহারিক (১৩৪৫০২) ৬ষ্ঠ পত্র) আগামী ২৮ অক্টোবর ২০২৫ রোজ মঙ্গলবার অনুষ্ঠিত হবে। গত ১৯ আগস্ট ২০২৫ তারিখে ঘোষিত সময়সূচী অনুযায়ী পরীক্ষার অন্যান্য তারিখ, বিষয় ও বিষয়কোড অপরিবর্তিত থাকবে। এছাড়া প্রফেশনাল কোর্সের স্থগিতকৃত পরীক্ষার সময়সূচী পরবর্তীতে জানানো হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোন তথ্যের জন্য www.nu.ac.bd ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত অন্য কোন সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭৭৭-৭৮৯০৪২